দৈনিক বাংলা

তারিখ ... 25 JAN 1991
পৃষ্ঠা ... কলাম ...

04

12

# নোট বইয়ের চাহিদা

নোট বইয়ের পক্ষে কথা বলতে আমাদের একটু সংকোচ হয়। কারণ আমরা সাধারণত যে ধরনের নোট বইয়ের সঙ্গে পরিচিত তা শিক্ষার্থীদের শিক্ষা বা জ্ঞান বিকাশে সহায়তা করে না। বরং বিভ্রান্তি সৃষ্টি করে। শিক্ষার্থীদের জ্ঞান চর্চা ব্যাহত করে। তাই ১৯৮০ সালে জাতীয় সংসদে পাস হওয়া নোট বই প্রকাশ ও বিক্রি বিরোধী আইন সবার কাছে যুক্তিসঙ্গত বলেই মনে হয়েছিল। কিন্তু দেখা গেছে নোট বইয়ের বিক্রি তাতে বন্ধ হয়নি। ভুলে ভরা নিম্নমানের নোট বইয়ের বাজারে কাটতি আছে। দৈনিক বাংলার জনমত বিভাগে ছাপা একটা চিঠিতে উন্নত মানের নোট বইয়ের দাবী জানানো হয়েছে। বাংলাদেশ প্রগতিশীল ছাত্র কল্যাণ পরিষদের পক্ষ থেকে ওই চিঠিতে বলা হয়েছে নোট বই নিষিদ্ধ আইন বাতিল করে নির্ভুল ও সঠিক নোট বই প্রকাশের আইন প্রণয়ন করা হোক।

দশ বছর নোট বই নিষিদ্ধ করা আইন বলবৎ রেখেও যখন নোট বই বিলুপ্ত করা যায়নি তখন বিষয়টা অবশ্যই পুনর্বিবেচনার দাবী রাখে। নোট বইয়ের চাহিদা আছে এটা বুঝতে হবে এবং কেন আছে তাও বোঝার চেষ্টা করতে হবে। উল্লিখিত চিঠিতে বলা হয়েছে, ছাত্রের তুলনায় শিক্ষক সংখ্যা কম। ফলে প্রতিটি ছাত্রের দিকে তারা সমান দৃষ্টি রাখতে পারে না। নিম্ন মধ্যবিত্ত ও গরীব পরিবারের শিক্ষার্থীরা গৃহশিক্ষকও রাখতে পারেন না। কারণগুলি অবশ্যই গুরুত্ব পাবার যোগ্য। এমনিতেই আমাদের দেশে একটা অসম শিক্ষা ব্যবস্থা চালু হয়েছে। যাদের সামর্থ আছে তারা ভাল স্কুলে পড়তে পারে, একাধিক গৃহশিক্ষকও রাখতে পারে। কিন্তু এই সুযোগ সবাই পায় না। যারা সুযোগ বঞ্চিত তাদের পক্ষে টেক্সট বুক পড়া এবং বোঝার কিছু অসুবিধা দেখা দিতেই পারে। এদের জন্য নোট বই প্রয়োজনীয় হতে পারে। তবে বাজারের ভুলে ভরা নিম্নমানের নোট বই এই শিক্ষার্থীদের উপকারের চেয়ে অপকারই করে বেশী। শুধু শিক্ষার্থীদের কথাই বা বলব কেন, গোটা শিক্ষা ব্যবস্থার জন্যই বিষয়টা ক্ষতিকর নিশ্চয়ই।

নোট বই ছাড়া যখন চলে না তখন নোট বই যাতে উন্নত মানের হয় সেই ব্যবস্থা নিশ্চিত করাতেই মনোযোগ দেয়া উচিত। টেক্সট বুক বোর্ড টেক্সট বুক প্রকাশ করার সঙ্গে এই জাতীয় নোট বই প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে পারে। অন্তত টেক্সট বুক বোর্ডের অনুমোদন ছাড়া যে কেউ যাতে যথেচ্ছ মানের নোট বই প্রকাশ করতে না পারে সে ব্যবস্থা নেয়া উচিত। অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মতামত যাচাই করে উন্নত মানের নোট বই প্রকাশের ব্যবস্থা অবশ্যই করা যায়। নিম্নমানের নোট বইয়ের ব্যবসাটা লাভজনক হলেও বন্ধ করতে হবে। শিক্ষার সঙ্গে ব্যবসার কোন সম্পর্ক নেই একথা বলা ঠিক হবে না। তবে অন্তত শিক্ষা সংক্রান্ত ব্যবসায় নীতি সম্পূর্ণ বর্জন করা কিছুতেই সম্ভব নয়। সংশ্লিষ্ট সকল পক্ষ এ কথাটা বোঝার চেষ্টা করবেন বলে আমরা আশা করব।